

মুনাফার দৌড়ে পিছিয়ে চীনা রাষ্ট্রায়ত্ত্ব এয়ারলাইনস

- A Monitor Desk Report

Date: 15 July, 2024



বেইজিং: যাত্রী ও কার্গো পরিবহন রেকর্ড পরিমাণ বাড়লেও আয়ের ক্ষেত্রে পিছিয়ে রয়েছে চীনের রাষ্ট্রায়ত্ত্ব তিন এয়ারলাইনস কোম্পানি। সে তুলনায় আয়ে এগিয়ে রয়েছে দুই বেসরকারি সংস্থা। সম্প্রতি প্রকাশিত এয়ারলাইনগুলোর আয়ের বিবরণী বিশ্লেষণ করে এ তথ্য দিয়েছে সংবাদমাধ্যম।

গত সপ্তাহের শেষ দিকে চীনের সাউদার্ন এয়ারলাইনস, এয়ার চায়না ও চায়না ইস্টার্ন জানিয়েছে, চলতি বছরের প্রথমার্ধে (জানুয়ারি-জুন) কোম্পানিগুলো নিট লোকসানে পড়তে যাচ্ছে। তারা ক্ষতির পরিমাণ ১০৬ কোটি থেকে ৩০০ কোটি ইউয়ান বা ১৪ কোটি ৬০ লাখ থেকে ৪১ কোটি ৩০ লাখ ডলার পর্যন্ত হতে পারে।

সামষ্টিকভাবে সংস্থা তিনটির লোকসান ২০২৩ সালের একই সময়ের তুলনায় কম হতে পারে। তারও লোকসানের পরিমাণ সম্মিলিতভাবে ৭৪৮ কোটি ইউয়ান বা ১০০ কোটি ডলার ছুতে পারে।

রাষ্ট্রায়ত্ত্ব সংস্থাগুলো ক্ষতির মুখে পড়লেও একই সময়ে মুনাফা অর্জনের আভাস দিয়েছে বেসরকারি মালিকানাধীন স্প্রিং এয়ারলাইনস ও জুনেইয়াও এয়ারলাইনস। সাম্প্রতিক প্রতিবেদন অনুসারে, স্প্রিং এয়ারলাইনস চলতি বছরের প্রথমার্ধে ১২৯ কোটি থেকে ১৩৪ কোটি ইউয়ান নিট মুনাফা করতে পারে, যা আগের বছরের একই সময়ের তুলনায় ৫৪ থেকে ৬০ শতাংশ বেশি। অন্যদিকে জুনেইয়াও এয়ারলাইনসের নিট মুনাফার পরিমাণ দাঁড়াতে পারে ৪৫-৫৫ কোটি ইউয়ানে, যা সংস্থাটির গত বছরের মুনাফা থেকে ৭ দশমিক ২ গুণ থেকে ৮ দশমিক ৮ গুণ বেশি।

চীনের সরকারি পরিসংখ্যান অনুসারে, চলতি বছরের প্রথম পাঁচ মাসে অভ্যন্তরীণ যাত্রীর সংখ্যা ১৮ দশমিক ৯ শতাংশ বেড়ে ২৬ কোটি ৭৭ লাখ ৩০ হাজারে উন্নীত হয়েছে।

কভিড-১৯ মহামারীর সময় জিরো-কভিড নীতির কারণে বড় সময় ধরে আন্তর্জাতিক যোগাযোগে কড়াকড়ি আরোপ করে চীন। ওই সময়

দেশটিতে আন্তর্জাতিক বুটের যাত্রীর সংখ্যা কমে গিয়েছিল। কিন্তু জানুয়ারি-জুনে তা আগের বছরের একই সময়ের তুলনায় ৩১৬ শতাংশ বেড়ে ২ কোটি ৪৩ লাখ ১০ হাজারে পৌঁছেছে।

একই সময়ে অভ্যন্তরীণ কার্গো পরিবহন ২৭ দশমিক ৭ শতাংশ বেড়ে ২০ লাখ টনের বেশি হয়েছে। অন্যদিকে আন্তর্জাতিক কার্গো পরিবহন ৩৪ দশমিক ৫ শতাংশ বেড়ে ১৩ লাখ ৫০ হাজার টনে উন্নীত হয়েছে।

রাষ্ট্রীয়ত্ব এয়ারলাইনস সংস্থাগুলোর মধ্যে সবচেয়ে বেশি ক্ষতির মুখে পড়েছে এয়ার চায়না। আন্তর্জাতিক বুটে যাত্রী পরিবহন পুনরুদ্ধারে ধীরগতি, অভ্যন্তরীণ প্রতিযোগিতা বৃদ্ধি, জ্বালানি তেলের দাম ও বৈদেশিক মুদ্রা বিনিময় হারের অস্থিতিশীলতাকে সামগ্রিকভাবে লোকসানের জন্য দায়ী করেছে কোম্পানিটি।

অন্যদিকে বেসরকারি কোম্পানি স্প্রিং এয়ারলাইনস বিবৃতিতে বলেছে, এক বছর আগের একই সময়ের তুলনায় অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উভয় বাজারে ভ্রমণ উল্লেখযোগ্য পরিমাণ বাড়ানোর প্রভাব পড়েছে এয়ারলাইনস ব্যবসায়।

-B